রেজিস্টার্ড নং ডি এ ১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ৭, ১৯৯৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ১৮ই আশ্বিন ১৪০৩/৩রা অক্টোবর ১৯৯৬

এস, আর, ও নং ১৭২-আইন/৯৬—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০ (২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নবর্ণিত বিধিমালা প্রণয়ন করিলেন:—

১। সংক্ষিপ্ত শিরনামা।—এই বিধিমালা দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা ও ননগেজেটেড কর্মচারী (পরিবার পরিকল্পনা অধিদপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৯৬ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে এই বিধিমালায়—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্মকমিশন;

(খ) "ডিগ্রী" বা "ডিপ্লোমা" বা "সার্টিফিকেট" অর্থ ক্ষেত্রমত, স্বীকৃত বিশ্ববিদ্যালয় স্বীকৃত প্রতিষ্ঠানে, স্বীকৃত ইনষ্টিটিউট বা স্বীকৃত বোর্ড প্রদত্ত ডিগ্রী, ডিপ্লোমা বা শিক্ষাগত যোগ্যতা নির্দেশক সার্টিফিকেট, এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক স্বীকৃত উক্ত ডিগ্রী, ডিপ্লোমা বা সার্টিফিকেটের সমমানের শিক্ষাগত যোগ্যতাও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(গ) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;



মূল্য: টাকা ৪.০০

(ঘ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার এবং কোন পদে অথবা পদ শ্রেণীতে নিয়োগ করিবার জন্য সরকার হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা ও ইহার অন্তর্ভুক্ত হইবেন ;

(ঙ) "পদ" অর্থ তফসিলে উল্লেখিত কোন পদ ;

(চ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ তফসিলে বর্ণিত কোন পদের ন্যূনতম যোগ্যতা ;

(ছ) "ফিডার পদ" অর্থ কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে উক্ত পদে পদোন্নতির জন্য নির্দিষ্ট নিম্নতর পদ বা পদ শ্রেণী ;

(জ) শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি ;

(ঝ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" বা "স্বীকৃত ইনষ্টিটিউট" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা ক্ষেত্রমত, শিক্ষাবোর্ড বা ইনষ্টিটিউট বা প্রতিষ্ঠান এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষাবোর্ড বা ইনষ্টিটিউট বা প্রতিষ্ঠানও এই সংজ্ঞার অন্তর্ভুক্ত হইবে।

৩। নিয়োগ পদ্ধতি, ইত্যাদি।—(১) তফসিলের বিধানাবলী সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯ (৩) এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে, কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ করা হইবে, যথা :

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে ; এবং

(খ) পদোন্নতির মাধ্যমে।

(২) যদি কোন ব্যক্তির প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং কোন পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয়, তবে উক্ত ব্যক্তিকে নিয়োগ করা যাইবে না :

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এডহক ভিত্তিতে ইতঃপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার সর্বোচ্চ বয়ঃসীমা শিথিল করা যাইবে।

৪। সরাসরি নিয়োগ।—(১) Bangladesh Public Service Commission (Consultation) Regulations, 1979-এর বিধানাবলী সাপেক্ষে, কমিশনের আওতাভুক্ত পদে কমিশনের এবং কমিশনের আওতা বহির্ভূত পদে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) কোন ব্যক্তি কোন পদে সরাসরি নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশে ডমিসাইলড না হন, অথবা

(খ) বাংলাদেশের নাগরিক নহেন এমন কোন ব্যক্তিকে বিবাহ করিয়া থাকেন অথবা বিবাহ করিতে প্রতিশ্রুতিবদ্ধ হন।

(৩) কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার, এই মর্মে প্রত্যায়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে উক্ত পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা উক্ত পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য কর্তৃপক্ষের মাধ্যমে তদন্ত না হইয়া থাকে এবং তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৪) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা যাইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন বা উপ-বিধি (১) এ বর্ণিত বাছাই কমিটি কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লেখিত ফি (যদি থাকে) সহ নির্ধারিত ফরমে ও তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকার বা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকিলে স্বীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত না করেন।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।—(১) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বিভাগীয় পদোন্নতি কমিটির সুপারিশ অনুসারে মেধা ও জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে কোন পদে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, নিম্নতর শ্রেণীর কোন পদ হইতে উচ্চতর শ্রেণীর কোন পদে কমিশনের সুপারিশ ব্যতিরেকে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে না।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। শিক্ষানবিস—(১) কোন স্থায়ী শূন্য পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসরূপে নিম্নবর্ণিত মেয়াদের জন্য নিয়োগ করা হইবে, যথা—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসি মেয়াদ এক বা একাধিবার এইরূপে সম্প্রসারণ করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করে যে, তাহার আচরণ ও কাজকর্ম সন্তোষজনক নহে কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে যে পদ হইতে তাহাকে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ শিক্ষানবিসি মেয়াদ সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিসরূপে নিযুক্ত থাকাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কাজকর্ম সন্তোষজনক ছিল, তবে, উপ-বিধি, (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবে; এবং

(খ) যদি এইরূপ অভিমত পোষণ করে যে, উক্ত মেয়াদ চলাকালে তাহার আচরণ ও কাজকর্ম সন্তোষজনক ছিল না বা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই তবে—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইবে ; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, যে পদ হইতে তাহাকে পদোন্নতি দেওয়া হইয়াছিল সে পদে প্রত্যাবর্তন করাইবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন পদে স্থায়ী করা হইবেনা যতক্ষণ না তিনি সরকার আদেশবলে যে বিভাগীয় পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয় সেই পরীক্ষায় উত্তীর্ণ হন এবং সফলভাবে প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। কতিপয় বিধিমালা রহিতকরণ ইত্যাদি।—(১) যে সকল পদের উল্লেখ তফসিলে রহিয়াছে সেই সকল পদের ক্ষেত্রে Gazetted Officers (Directorate of Population Control and Family Planning) Recruitment Rules, 1976 এর প্রয়োগ এতদ্বারা রহিত করা হইল।

(২) Non-Gazetted Employees (Directorate of Population Control and Family Planning) Recruitment Rules, 1976 এতদ্বারা রহিত করা হইল।

তফসিল

[বিধি-২((গ) দ্রষ্টব্য]

| ক্রমিক নম্বর। | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়ঃসীমা। | নিয়োগ পদ্ধতি | ন্যূনতম যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | প্রশাসনিক কর্মকর্তা | ৩০ বৎসর | (ক) অফিস তত্ত্বাবধায়কদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে:- ফিডার পদে ০৫(পাঁচ) বৎসরের চাকুরী<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে:- স্নাতকোত্তর ডিগ্রী। |
| ২। | সহকারী হিসাব নিরীক্ষা কর্মকর্তা। | ৩০ বৎসর | (ক) নিম্নবর্ণিতদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে:<br>(১) অফিস তত্ত্বাবধায়ক;<br>(২) নিরীক্ষক; ও<br>(৩) হিসাব রক্ষক; এবং<br>(খ) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে:— অফিস তত্ত্বাবধায়ক পদে ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী অথবা নিরীক্ষক বা হিসাব রক্ষক পদে ০৮ (আট) বৎসরের চাকুরী অথবা উক্ত সকল পদে সর্বমোট ০৮(আট) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে:— স্নাতকোত্তর ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩। | সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা। | ৩০ বৎসর | (ক) ৫০% পদ নিম্নোক্ত হারে নিম্নবর্ণিতদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে:—<br>(১) ২% ফিল্ড ট্রেইনার;<br>(২) ১০% অফিস তত্ত্বাবধায়ক;<br>(৩) ৮% পরিবার কল্যাণ পরিদর্শিকা;<br>(৪) ৩০% পরিবার পরিকল্পনা সহকারী; এবং | (ক) পদোন্নতির ক্ষেত্রে:-<br>ফিল্ড ট্রেইনার পদে ০৩(তিন) বৎসরের, অথবা অফিস তত্ত্বাবধায়ক পদে ০৫ (পাঁচ) বৎসরের, অথবা পরিবার কল্যাণ পরিদর্শিকা পদে ১৩ (তের) বৎসরের, অথবা এবং থানা পরিবার পরিকল্পনা সহকারী পদে ১৬ (ষোল) বৎসরের চাকুরী। |
| | | | (খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে:—<br>স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৪। | চীফ সুপারভাইজার | ৩০ বৎসর | (ক) গবেষণা সহকারীদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; এবং | (ক) পদোন্নতির ক্ষেত্রে:—<br>ফিডার পদে ০৫ (পাচ) বৎসরের চাকুরী। |
| | | | (খ) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে:—<br>স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৫। | আর্টিষ্ট | ৩০ বৎসর | (ক) ৫০% পদ ডিজাইনারদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে;এবং | (ক) পদোন্নতির ক্ষেত্রে:—<br>ফিডার পদে ০৫(পাঁচ) বৎসরের চাকুরী। |
| | | | (খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে:—<br>কমার্শিয়াল আর্টে স্নাতক ডিগ্রী অথবা কমার্শিয়াল আর্টে ডিপ্লোমাসহ ডিজাইনারের কাজে ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬। | প্রভাষক (সমাজ বিজ্ঞান) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | সমাজ বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৭। | প্রভাষক(নার্সিং এবং মিডওয়াইফারী। | | নার্স মিডওয়াইফ এবং সিষ্টার টিউটরদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | এক বা একাধিক ফিডার পদে ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৮। | ফিল্ড ট্রেইনার | | পরিবার কল্যাণ পরিদর্শিকাদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ১০(দশ) বৎসরের চাকুরী। |
| ৯। | সিষ্টার টিউটর | ৩০ বৎসর | (ক) ৫০% পদ নিম্নবর্ণিতদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে:—<br>(১) নার্স (সিনিয়র); ও<br>(২) পাবলিক হেলথ নার্স; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে:—<br>এক বা একাধিক ফিডার পদে ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে:—<br>নার্সিং (মিডওয়াইফারী) তে ডিপ্লোমা। |
| ১০। | নার্স (মিডওয়াইফ) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | নার্সিং (মিডওয়াফারী)তে ডিপ্লোমা। |
| ১১। | স্ক্রিপ্ট রাইটার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ স্ক্রিপ্ট রাইটিং-এ ০৩(তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ১২। | ডিজাইনার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত ইনষ্টিটিউট হইতে কমপক্ষে কমার্শিয়াল আর্টে ডিপ্লোমা। |
| ১৩। | অফিস তত্ত্বাবধায়ক | | নিম্নবর্ণিতদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে :—<br>(১) প্রধান সহকারী;<br>(২) নিরীক্ষক; | প্রধান সহকারী, নিরীক্ষক, হিসাব রক্ষক, সাঁটলিপিকার ও গবেষণা সহকারী পদে |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | (৩) হিসাব রক্ষক;<br>(৪) সাঁট লিপিকার;<br>(৫) গবেষণা সহকারী;<br>(৬) গুদাম রক্ষক;<br>(৭) পরিসংখ্যান সহকারী;<br>(৮) উচ্চমান সহকারী;<br>(৯) সাঁট মুদ্রাক্ষরিক; এবং<br>(১০) কোডার এডিটর। | সমূহের এক বা একাধিক পদে ০৩ তিন) বৎসরের অথবা গুদাম রক্ষক, পরিসংখ্যান সহকারী, উচ্চমান সহকারী, সাঁট মুদ্রাক্ষরিক ও কোডার এডিটর পদসমূহের এক বা একাধিক পদে ০৬ (ছয়) বৎসরের চাকুরী |
| ১৪। | প্রধান সহকারী | .. | উচ্চমান সহাকারীদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ০৩ (তিন) বৎসরের চাকুরী |
| ১৫। | নিরীক্ষক | ৩০ বৎসর | (ক) কোষাধ্যক্ষদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওনা না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে :—<br>ফিডার পদে ০৩ (তিন) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে :—<br>দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ হিসাব ও নিরীক্ষা কাজে ০৩(তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ১৬। | হিসাব রক্ষক | ৩০ বৎসর | (ক) ৭৫% পদ কোষাধ্যক্ষদের মধ্য হতে পদোন্নতির মাধমে; এবং<br>(খ) ২৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে :—<br>ফিডার পদে ০৩ (তিন) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে :—<br>বাণিজ্য বিভাগের দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। হিসাব ও নিরীক্ষা কাজে অভিজ্ঞতা-সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭। সাঁট মুদ্রাক্ষরিক | | | Stenographers and Steno-Typists (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী। | |
| ১৮ এডিটর। | ৩০ বৎসর | (ক) মিডিয়া প্রডাকশন সহকারীদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে ; এবং<br>(খ) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | | (ক) পদোন্নতির ক্ষেত্রে :- ফিডার পদে ০৩ (তিন) বৎসরের চাকুরী<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে:— স্নাতক বা সমমানের ডিগ্রীসহ সাহিত্য-পত্রিকা, ম্যাগাজিন অথবা সংবাদপত্র সম্পাদনায় ০৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ১৯ নার্স (সিনিয়র) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | | নার্সিং এ ডিপ্লোমাসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |
| ২০। পাবলিক হেলথ নার্স | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | | নার্সিং এ ডিপ্লোমাসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |
| ২১। গবেষণা সহকারী | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পরিসংখ্যান সহকারী-দের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে ; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | | (ক) পদোন্নতির ক্ষেত্রে:— ফিডার পদে ০৩ (তিন) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে:— দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। পরি-সংখ্যান, গবেষণা, ইত্যাদি কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার পাইবেন। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২২। | হাউজ কিপার (হোস্টেল) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | স্নাতক বা সমমানের ডিগ্রী। হাউজ কিপিং-এ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার পাইবেন। |
| ২৩। | কোষাধ্যক্ষ | ৩০ বৎসর | (ক) ৭৫% পদ বাজেট সহকারী এবং নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিকদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; এবং | (ক) পদোন্নতির ক্ষেত্রে:— ফিডার পদে ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| | | | (খ) ২৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে:— বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী। |
| ২৪। | উচ্চমান সহকারী | ৩০ বৎসর | (ক) ৬৬% পদ নিম্নমান সহকারী তথা মুদ্রাক্ষরিকদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; এবং | (ক) পদোন্নতির ক্ষেত্রে:— ফিডার পদে ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| | | | (খ) ৩৪% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে:— স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| ২৫। | সাঁট মুদ্রাক্ষরিক | Stenographers and Steno-Typists (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী। | | |
| ২৬। | ভাণ্ডার রক্ষক | ৩০ বৎসর | (ক) ৬৬% পদ নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিকদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; এবং | (ক) পদোন্নতির ক্ষেত্রে:— ফিডার পদে ৫(পাঁচ) বৎসরের চাকুরী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | (খ) ৩৪% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে:— স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| ২৭ | ভেহিকেল মেকানিক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ অটোমোবাইল অথবা মেকানিক্যাল সার্টিফিকেট। |
| ২৮ | মেকানিক্যাল সুপারভাইযার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ অটোমোবাইল অথবা মেকানিক্যাল সার্টিফিকেট। |
| ২৯ | ফটোগ্রাফার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৩০ | মিডিয়া প্রডাকশন সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | স্নাতক বা সমমানের ডিগ্রীসহ পত্রিকা প্রকাশনার কাজে অভিজ্ঞতা। |
| ৩১ | পরিসংখ্যান সহকারী | ৩০ বৎসর | (ক) ৫০% পদ কনিষ্ঠ পরিসংখ্যান সহকারীদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; এবং | (ক) পদোন্নতির ক্ষেত্রে:— ফিডার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| | | | (খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে:— পরিসংখ্যান বিষয়সহ স্নাতক ডিগ্রী, অথবা স্নাতক বা সমমানের ডিগ্রীসহ পরিসংখ্যান কাজে বাস্তব অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩২ | কোডার এডিটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | স্নাতক বা সমমানের ডিগ্রীসহ পরিসংখ্যান ও ডাটা এডিটিং কাজে অভিজ্ঞতা। |
| ৩৩ | পরিবার কল্যাণ পরিদর্শিকা | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ পরিবার কল্যাণ পরিদর্শিকা পদের জন্য নির্ধারিত পূর্ব প্রশিক্ষণে সফলতার সার্টিফিকেট। |
| ৩৪ | ল্যাবরেটরী সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ ল্যাবরেটরী টেকনিশিয়ান হিসাবে প্রশিক্ষণপ্রাপ্ত। ক্লিনিক্যাল ল্যাবরেটরীতে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৩৫ | পরিবার পরিকল্পনা সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | একটি ২য় বিভাগসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। |
| ৩৬ | বাজেট সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | একটি ২য় বিভাগসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। |
| ৩৭ | নিম্নমান সহকারী তথা মুদ্রাক্ষরিক। | L.D-cum-typist, Plain Paper Copier, Duplicating Machine Operator Daftry, Despatch Rider and MLSS (Ministries, Divisions and Attached Departments) Recruitments Rules,1985 অনুযায়ী। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৮ | প্রজেকশনিষ্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ প্রজেক্টর চালনায় ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |
| ৩৯ | টেলিফোন অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা |
| ৪০ | কম্পাউণ্ডার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কম্পাউণ্ডারশীপে উত্তীর্ণের সার্টিফিকেট। |
| ৪১ | ফিমেল মেডিক্যাল এটেনডেন্ট/ নিম্নমান সহকারী। | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট। বিজ্ঞান বিভাগের প্রার্থীগণ অগ্রাধিকার পাইবেন। |
| ৪২ | কনিষ্ঠ পরিসংখ্যান সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | একটি দ্বিতীয় বিভাগসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট। অংকসহ বিজ্ঞান বিভাগের প্রার্থীগণ অগ্রাধিকার পাইবেন। |
| ৪৩ | গাড়ী চালক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ৮ম শ্রেণী পাশ। বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হালকা ও ভারী গাড়ী চালনার বাস্তব অভিজ্ঞতা। |
| ৪৪ | ওয়ার্ড মাষ্টার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। |
| ৪৫ | ক্যাশ সরকার | ৩০ বৎসর | (ক) এম, এল, এস' এস-দের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; এবং | (ক) পদোন্নতির ক্ষেত্রে:— ফিডার পদে ১০ (দশ) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | (খ) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে :— মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। |
| ৪৬ | গেস্টেটনার অপারেটর | L.D.-cum-typist,Plain Paper Copier, Duplicating Machine Operator, Daftry, Despatch Rider and MLSS (Ministries, Divisions and Attached Departments) Recruitments Rules, 1985 অনুযায়ী। | | |
| ৪৭ | দপ্তরী | L.D.-cum-typist, Plain Paper Copier, Duplicating Machine Operator, Daftry, Despatch Rider and MLSS (Ministries, Divisions and Attached Departments) Recruitments Rules, 1985 অনুযায়ী। | | |
| ৪৮ | এম, এল, এস, এস, | L.D.-cum-typist, Plain Paper Copier, Duplicating Machine Operator, Daftry, Despatch Rider and MLSS (Ministries, Divisions and Attached Departments) Recruitments Rules, 1985 অনুযায়ী। | | |
| ৪৯ | ওয়াচম্যান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ৮ম শ্রেণী পাশ। |
| ৫০ | নিরাপত্তা প্রহরী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ৮ম শ্রেণী পাশ। |
| ৫১ | ওয়ার্ড মেট (হোস্টেল)/ (ওয়ার্ডবয়) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ৮ম শ্রেণী পাশ। |
| ৫২ | আয়া | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ৮ম শ্রেণী পাশ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫৩ | কুক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ৮ম শ্রেণী পাশ। |
| ৫৪ | নৈশ প্রহরী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ৮ম শ্রেণী পাশ। |
| ৫৫ | সুইপার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ৮ম শ্রেণী পাশ। |

রাষ্ট্রপতির আদেশক্রমে,
মোহাম্মদ আলী
সচিব।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত
মোঃ আতোয়ার রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।